১.৪ নীচের কোন্ এককটি তড়িৎশক্তির একক ?

(a) ওয়াট (b) ওহম

(c) কিলোওয়াট - ঘণ্টা (d) ভোল্ট

১.৫ নীচের কোন্ রশ্মিটির গ্যাসকে আয়নিত করার ক্ষমতা সর্বাধিক ?

(a) $\alpha$ - রশ্মি (b) $\gamma$ - রশ্মি

(c) $\beta$ - রশ্মি (d) আলোকরশ্মি

১.৬ ফিউজ তারের বৈশিষ্ট্য হল —

(a) উচ্চরোধ, নিম্নগলনাঙ্ক (b) নিম্নরোধ, উচ্চগলনাঙ্ক

(c) নিম্নরোধ, নিম্নগলনাঙ্ক (d) উচ্চরোধ, উচ্চগলনাঙ্ক

১.৭ আধুনিক দীর্ঘ পর্যায় সারণিতে কয়টি শ্রেণি রয়েছে ?

(a) 7 (b) 17

(c) 15 (d) 18

১.৮ নীচের কোন্ যৌগটির সম্পূর্ণ অণু হিসাবে পৃথক অস্তিত্ব নেই —

(a) $H_2S$ (b) $CHCl_3$

(c) $NO_2$ (d) NaCl

১.৯ নীচের কোন্ অ্যাসিডটি মৃদু তড়িৎবিশ্লেষ্য ?

(a) $CH_3COOH$ (b) $H_2SO_4$

(c) $HNO_3$ (d) HCl

১.১০ লঘু সালফিউরিক অ্যাসিড মিশ্রিত পটাসিয়াম ডাইক্রোমেট দ্রবণে $H_2S$ চালনা করলে কী রঙ উৎপন্ন হয় ?

(a) কমলা (b) বেগুনি

(c) সবুজ (d) গাঢ় নীল

১.১১ নীচের কোন্ আকরিকটি অ্যালুমিনিয়ামের আকরিক ?

(a) হেমাটাইট (b) বক্সাইট

(c) ম্যালাকাইট (d) চ্যালকোসাইট

১.১২ ত্রিবন্ধনীযুক্ত অসম্পৃক্ত হাইড্রোকার্বনটিকে সনাক্ত করো —

(a) $CH_4$ (b) $C_2H_6$

(c) $C_2H_4$ (d) $C_2H_2$

RSP Q63385552



Scanned with OKEN Scanner

১.১৩ গ্রীনহাউস গ্যাসটি শনাক্ত করো ঃ

(a) অক্সিজেন (b) হাইড্রোজেন

(c) জলীয় বাষ্প (d) নাইট্রোজেন

১.১৪ S.T.P. তে 22 গ্রাম $CO_2$ -এর আয়তন হল [C = 12, O = 16] ঃ

(a) 22.4 লিটার (b) 11.2 লিটার

(c) 2.24 লিটার (d) 1.12 লিটার

১.১৫ 10 গ্রাম ক্যালসিয়াম কার্বোনেটকে তীব্র উত্তপ্ত করলে, কত গ্রাম ক্যালসিয়াম অক্সাইড পাওয়া যাবে ? ধরে নাও সকল ক্যালসিয়াম কার্বনেট সম্পূর্ণ বিয়োজিত হয়েছে। [Ca = 40, C = 12, O = 16]

(a) 4.4 গ্রাম (b) 5.6 গ্রাম

(c) 10 গ্রাম (d) 100 গ্রাম

## বিভাগ — খ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

২.১ S.T.P. তে 16 গ্রাম অক্সিজেন গ্যাসে উপস্থিত অণুর সংখ্যা কত ? ১

২.২ নীচের বিবৃতিটি সত্য না মিথ্যা লেখো ঃ

লোহার দৈর্ঘ্য প্রসারণ গুণাঙ্ক $1.2 \times 10^{-5}/°C$ হলে, লোহার আয়তন প্রসারণ গুণাঙ্ক $3.6 \times 10^{-5}/°C$ হবে। ১

অথবা

$Wm^{-1}K^{-1}$ এটি কোন্ ভৌতরাশির একক ? ১

২.৩ বিবর্ধক কাচ রূপে কোন্ ধরণের লেন্স ব্যবহৃত হয় ? ১

২.৪ আলোকরশ্মির প্রতিসরণের সময় আপতন কোণের কোন্ মানের জন্য স্নেলের সূত্রটি প্রযোজ্য নয় ? ১

২.৫ বর্তমানে তড়িৎ-বর্তনীতে ফিউজ তারের পরিবর্তে কী ব্যবহার করা হয় ? ১

২.৬ 220 V - 100 W বাল্বের রোধ কত ? ১

২.৭ তেজস্ক্রিয়তার S.I. এককটি লেখো। ১

অথবা

$^{235}_{92}U$ থেকে একটি β – কণা নির্গত হলে, পারমাণবিক সংখ্যার কী পরিবর্তন ঘটবে ? ১

